# বিশেষ অনুশীলন - ২০২০ইং

দশম শ্রেণি

**বিষয় ঃ ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনী)**

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমান-৩০

[সঠিক উত্তরে টিক চিহ্ন দাও / বৃত্ত ভরাট কর। প্রত্যেক প্রশ্নের মান-১]

১। পণ্য বিনিময় কোন ধরনের বাধা দূর করে?

(ক) স্থানগত (খ) অর্থগত

(গ) স্বত্বগত (ঘ) তথ্যগত

* নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:

জাবেদ পড়াশুনা শেষ করে চাকরি না পেয়ে বাড়িতে মুরগি খামার স্থাপন করে। সে বাচ্চা মুরগি কিনে এনে তা বড় হলে বাজারে সরবরাহ করে।

২। জাবেদের কাজটি কোন ধরনের?

(ক) বাণিজ্য (খ) শিল্প

(গ) প্রক্রিয়াজাত (ঘ) আত্মকর্মসংস্থান

৩। জাবেদের মুরগি পালনের কারণ–

(i) পৈত্রিক ব্যবসায়

(ii) আত্মকর্মসংস্থানের সুযোগ

(iii) মুনাফা

নীচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪। সরকারের শিক্ষানীতি কোন পরিবেশের উপাদান?

(ক) সামাজিক (খ) রাজনৈতিক

(গ) আইনগত (ঘ) অর্থনৈতিক

৫। দায় বিবেচনায় কোন ব্যবসায় সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ?

(ক) অংশীদারি (খ) একমালিকানা

(গ) সমবায় (ঘ) যৌথ মূলধনী

৬। অংশীদারি ব্যবসায়ের বিলোপসাধন কত ভাগে হয়ে থাকে?

(ক) ৩ (খ) ৪

(গ) ৫ (ঘ) ৬

* নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:

পহেলা বৈশাখে ইলিশের চাহিদা বৃদ্ধি পায়। তাই মাছ ব্যবসায়ী আমজাদ অতিরিক্ত মুনাফার প্রত্যাশায় কয়েক মাস পূর্ব থেকেই ইলিশ মাছে এক প্রকার রাসায়নিক পদার্থ দিয়ে গুদামে সংরক্ষণ করেন।

৭। মি: আমজাদের কাজটি কোন বিষয়ের সাথে অসংগতিপূর্ণ?

(ক) গুদামজাতকরণ (খ) মুনাফা অর্জন

(গ) চাহিদা পূরণ (ঘ) নৈতিকতা

৮। উদ্দীপকে উল্লেখিত অবস্থা মোকাবেলায় একজন দায়িত্বশীল ব্যবসায়ীর করণীয়–

(i) স্বাস্থ্য সম্মতভাবে সংরক্ষণ

(ii) মজুদ বৃদ্ধি

(iii) মনোভাবের পরিবর্তন

নীচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯। আইনগত আনুষ্ঠানিকতা পালনমুক্ত কোন ব্যবসায় সংগঠন?

(ক) একমালিকানা (খ) প্রাইভেট লি: কো:

(গ) পাবলিক লি: কো: (ঘ) সমবায় সমিতি

১০। পৌর এলাকায় ট্রেড লাইসেন্স প্রদান করে?

(ক) জেলা প্রশাসক (খ) থানা নির্বাহী অফিসার

(গ) জেলা পরিষদ প্রশাসক (ঘ) পৌর কর্তৃপক্ষ

১১। প্রাইভেট লিমিটেড কোম্পানি কখন কাজ শুরু করে?

(ক) আবেদনের পর (খ) নিবন্ধনের পর

(গ) স্মারকলিপি তৈরীর পর

(ঘ) কার্যারম্ভের অনুমতি পত্র পাবার পর

* নিচের উদ্দীপকের আলোকে ১২নং প্রশ্নের উত্তর দাও:

মি: সমির সোয়েটার বিক্রি করেন। ২০১৬ সালের মাঝামাঝি আবহাওয়া অধিদপ্তর থেকে তিনি জানতে পারলেন যে, ঐ বছর খুব শীত পড়বে। এ কথা জেনে তিনি প্রচুর শীত বস্ত্র মজুত করেন এবং ঐ বছর প্রচুর মুনাফা করেন।

১২। মি: সামিরের মধ্যে উদ্যোক্তার কোন গুণের প্রভাব লক্ষ্যণীয়?

(ক) সৃজনশীলতা (খ) আত্মবিশ্বাস

(গ) দূরদৃষ্টি (ঘ) অধ্যাবসায়

১৩। মূলধন বিবেচনায় একমালিকানা ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্রে কোনটি?

(ক) স্টিল মিল (খ) সিমেন্ট কারখানা

(গ) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (ঘ) রেস্টুরেন্ট

১৪। সমবায় সংগঠন নিবন্ধনের জন্য গৃহীত মূল দলিলকে কী বলে?

(ক) বিধিমালা (খ) উপবিধি

(গ) স্মারকলিপি (ঘ) পরিমেল নিয়মাবলী

১৫। বাংলাদেশে কত সালের সমবায় বিধিমালা চালু রয়েছে?

(ক) ২০০১ (খ) ২০০৪

(গ) ২০১০ (ঘ) ২০১১

১৬। প্যাটেন্ট আইনে নিম্নের কোন বিষয়টি অন্তর্ভূক্ত?

(ক) কোন পণ্যের লোগো

(খ) লেখকের সাহিত্য কর্ম

(গ) নতুন প্রযুক্তি আবিষ্কার

(ঘ) কোন পণ্যের মান নির্ধারণ ও পরীক্ষা

১৭। মানব সভ্যতার মতোই পুরাতন হলো–

(ক) বিজ্ঞান (খ) অর্থনীতি

(গ) প্রযুক্তি (ঘ) ব্যবস্থাপনা

১৮। আমাদের দেশের শিক্ষাব্যবস্থা সাধারণত কিসের ওপর প্রতিষ্ঠিত?

(ক) মুখস্থ নির্ভর ও তাত্ত্বিক (খ) লিখিত ও মৌখিক

(গ) কারিগরি ও বৃত্তিমূলক (ঘ) বাস্তবভিত্তিক

১৯। সমবায় সংগঠন নিবন্ধনের জন্য গৃহীত মূল দলিলকে কী বলে?

(ক) বিধিমালা (খ) উপবিধি

(গ) স্মারকলিপি (ঘ) পরিমেল নিয়মাবলী

২০। মানব সম্পদ কোন পরিবেশের উপাদান?

ক) প্রাকৃতিক খ) সামাজিক

গ) অর্থনৈতিক ঘ) সাংস্কৃতিক

২১। প্রজনন শিল্পের অন্তর্গত-

i) মাছের চাষ

ii) হাঁস মুরগির খামার

iii) কাঠ সংগ্রহ

নিচের কোনটি সঠিক?

ক) iও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২। জানুয়ারিতে উৎপাদিত পণ্য জুলাইতে বিক্রয় করা হয়। এখানে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে?

ক) রূপগত খ) সময়গত

গ) অর্থগত ঘ) স্বত্বগত

২৩। বাংলাদেশের গার্মেন্টস শিল্পে শিশুশ্রম বন্ধের পিছনে পরিবেশের কোন উপাদানের প্রভাব সবচেয়ে বেশি?

ক) রাজনৈতিক খ) আইনগত

গ) সামাজিক ঘ) প্রাকৃতিক

* নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

জনাব দিনার লেখাপড়া শেষ করে তার নিজের পুকুরে মাছ চাষ করার কথা ভাবে এবং এলাকার বেকার যুবকদের এ কাজে যুক্ত করার চিন্তা করে। পরিকল্পনা মোতাবেক সে পুকুরে মাছের পোনা ছাড়ে এবং তা বড় হলে স্থানীয় বাজারে বিক্রি করে। এখন সে সফল মাছ ব্যবসায়ী।

২৪। উদ্দীপকে বর্ণিত দিনারের কাজটি কোন ধরনের শিল্পের সম্পৃক্ত?

ক) নিষ্কাশন খ) সেবা

গ) উৎপাদন ঘ) প্রজনন

২৫। দিনারের মাছ চাষে জড়িত হওয়ার কারণ-

i) আত্মকর্মসংস্থান

ii) মাছ চাষের আগ্রহ

iii) স্থানীয় বেকার যুবকদের উদ্বুদ্ধকরণ

নিচের কোনটি সঠিক?

ক) iও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬। একটি দেশের সামাজিক পরিবেশের উপাদান হলো-

i) জনসংখ্যা

ii) শিক্ষাও সংস্কৃতি

iii) দেশীয় ঐতিহ্য

নিচের কোনটি সঠিক?

ক) iও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭। সস্তা ঘড়ির জগতেCASIO ব্র্যান্ড কোনটির সাথে সম্পর্কিত?

ক) প্যাটেন্ট খ) ট্রেডমার্ক

গ) কপিরাইট ঘ) লাইসেন্স

২৮। ক্ষুদ্র ও মাঝারি শিল্প সাধারণত কোন ধরনের ব্যবসায়?

ক) একমালিকানা খ) কোম্পানি

গ) সমবায় সমিতি ঘ) অংশীদারি

২৯। অংশীদারি ব্যবসায়ে নিবন্ধন বলতে বুঝায়-

ক) ব্যবসায়ের নাম নিবন্ধন

খ) ব্যবসায়ের নাম ও উদ্দেশ্য নিবন্ধন

গ) অংশীদারদের নাম ও ঠিকানা নিবন্ধন

ঘ) অংশীদারি চুক্তিপত্রের নিবন্ধন

৩০। দায়িত্ব ও জবাবদিহিতা নির্ধারণ ব্যবস্থাপনার কোন কাজের সাথে সম্পৃক্ত?

ক) সংগঠন খ) পরিকল্পনা

গ) নিয়ন্ত্রণ ঘ) কর্মীসংস্থান

# সৃজনশীল

সময় ঃ ৪৫ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পুর্ণমান- ২০

১। মি; ইমরান কারিগরি শাখায় লেখাপড়া শেষ করে প্রথমে দিনাজপুরে ৮ বিঘা জমি লিজ নিয়ে লিচুর বাগান তৈরী করলেন। প্রথমদিকে বাধাগ্রস্ত হলেও কযেক বছরের মধ্যে তিনি স্বাবলম্বী হয়ে গেলেন। বর্তমানে বাগানের পাশাপাশি তিনি ৫টি জলাশয়ে মৎস্য খামার ও ২টি গরুর খামার গড়ে তুলেছেন। তাঁর প্রতিষ্ঠানে ২০০ জন লোকের কর্মসংস্থান হয়েছে।

ক) আধুনিক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ শাখা কী? ১

খ) বাংলাদেশে বেকার সমস্যা দিন দিন বেড়ে যাচ্ছে কেন? ২

গ) উদ্দীপকে মি: ইমরানের কর্মকান্ডকে কী বলা যায়? ব্যাখ্যা কর। ৩

গ) "অর্থনীতিতে মি: ইমরানের গুরুত্ব ব্যাপক" উদ্দীপকের আলোকে এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২। জনাব রাকিব লালবাগের আলিঙ্গন রেঁস্তোরার মালিক। তাঁর ছোট ভাই সাকিবসহ ১৫ জন কর্মচারী এখানে কাজ করে। স্থানীয়ভাবে তার রেঁস্তোরায় বেশ চাহিদা থাকায় তিনি এটি সম্প্রসারণ করতে চাইলেও পারছেন না। তখন তাঁর ভাই তাকে মালিকানায় অন্তর্ভূক্ত করার প্রস্তাব দিল।

ক) পাবলিক লিমিটেড কোম্পানির সর্বোচ্চ সদস্য সংখ্যা কতজন? ১

খ) কোন দলিলকে কোম্পানির সনদ বলা হয় এবং কেন? ২

গ) উদ্দীপকের প্রতিষ্ঠানটির প্রাথমিক ধরণ ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের ব্যবসায়টির পরিবর্তনের ধরণ ব্যাখ্যা করে তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪